

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৮০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قَوْلِهِ: (يُسْقَى مِنْ مَاءٍ صديد يتجرَّعُه) قَالَ: يُقَرَّبُ إِلَى فِيهِ فَيَكْرَهُهُ فَإِذَا أُدْنِي مِنْهُ شَوَى وَجْهَهُ وَوَقَعَتْ فَرْوَةُ رَأْسِهِ فَإِذَا شَرِبَهُ قَطَّعَ أَمْعَاءَهُ حَتَّى يَخْرُجَ مِنْ دُبُرِهِ. يَقُولُ اللَّهُ تَعَالَى: (وَسُقُوا مَاءً حَمِيمًا فَقَطَّعَ شَرِبَهُ قَطَّعَ أَمْعَاءهم) وَيَقُولُ: (وَإِنْ يَسْتَغِيثُوا يُغَاثُوا بِمَاءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوه بئس الشَّرَاب) رَوَاهُ التِّرْمِذِي

اسناده حسن ، رواه الترمذى (2583) ـ (ضَعِيف)

বাংলা

৫৬৮০-[১৬] আবূ উমামাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। আল্লাহর বাণী- (يُسْفَى مِنْ مَاءٍ صديد يتجرَّعُه) "জাহায়ামীদের পুঁজ ও কদর্য রক্ত জাহায়ামীদেরকে পান করানো হবে, যা তারা ঢগটগ করে গিলবে"- (সূরাহ্ ইব্রাহীম ১৪ : ১৬)। এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন, উক্ত পানীয় তার মুখের কাছে নেয়া হবে, কিন্তু সে তাকে পছন্দ করবে না। আর যখন তাকে মুখের কাছাকাছি করা হবে, তখন তার চেহারা (তার উত্তাপে) দগ্ধ হয়ে যাবে এবং তার মাথার চামড়া খসে পড়বে। আর যখন সে তা পান করবে তখন তার নাড়িভুড়ি খণ্ড খণ্ড হয়ে মলদ্বার দিয়ে নির্গত হবে। এ সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন, (مَعْدَ أَمَاءً حَمِيمًا فَقَطَّعُ أَمعاءهم) ...এবং জাহায়ামীদেরকে এমন তপ্ত গরম পানি পান করানো হবে য়ে, তাতে তাদের নাড়িভুঁড়ি খণ্ড খণ্ড হয়ে বের হবে"- (সূরাহ্ মুহাম্মাদ ৪৭ : ১৫)। আল্লাহ তা'আলা আরো বলেছেন, (بئس الشَرَاب وَإِنْ يَسْتَغِيثُوا يُغَاثُوا بِمَاءٍ كَالْمُهُلِ يَشْوِي الْهُجُوه، "(সূরাহ্ মহামাদ ৪৭ : ১৫)। আল্লাহ তা'আলা তাবে তখন তেলের গাদের মতো পানি তাদেরকে দেয়া হবে, যাতে তাদের চেহারা দগ্ধ হয়ে যাবে। এটা খুবই মন্দ পানীয় বস্তু..."- (সূরা আল কাহফ ১৮ : ২৯)। (তিরমিযী)



ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৫৮৩, 'উবায়দুল্লাহ ইবনু বুসুর- তাকে চেনা যায় না; হিদায়াতুর রুওয়াত ৫/২২৮, পৃ. ৫৬০৮, য'ঈফাহ ৬৮৯৭, য'ঈফ আতৃ তারগীব ওয়াত তারহীব ২১৫৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُقَرَّبُ إِلَى فِيهِ) এ হাদীসের সমর্থন কুরআনে এভাবে এসেছে যে, (...فَقُرَّبُ إِلَى فِيهِ) ... অর্থাৎ সে তা গিলতে চাইবে কিন্তু সে সহজে গিলতে পারবে না- (সূরাহ্ ইবরাহীম ১৪ : ১৭)। (মিরক্লাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা. ২৫৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন